যায়যায়দিন

তারিখ 10 JUN 2008
পৃষ্ঠা ৩ কলাম ৭

# শিক্ষা খাতে ১২.৩ শতাংশ বরাদ্দ

যাযাদি রিপোর্ট

২০০৮-০৯ অর্থবছরে মোট বাজেটের ১২.৩ শতাংশ অর্থ বরাদ্দ করা হয়েছে। এ খাতে ১২ হাজার ২৫৮ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

প্রস্তাবিত বাজেটে শিক্ষা মন্ত্রণালয়ের জন্য ৬ হাজার ২৯৬ কোটি টাকা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য ৫ হাজার ৭০০ কোটি

পৃ ১৫ ›› ক ৩

## শিক্ষা খাতে ১২.৩

*(প্রথম পৃষ্ঠার পর)*

টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়া বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের জন্য বরাদ্দ রাখা হয়েছে ২৬২ কোটি টাকা। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য বরাদ্দকৃত অর্থের ৩ হাজার ৩৩১ কোটি টাকা অনুন্নয়ন ব্যয় আর উন্নয়ন ব্যয় ২,৩৬৯ কোটি টাকা। শিক্ষা মন্ত্রণালয়ের জন্য বরাদ্দকৃত অর্থের ৫ হাজার ৩০৭ কোটি টাকা অনুন্নয়ন ব্যয় আর ৯৮৯ কোটি টাকা হলো উন্নয়ন ব্যয়। বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের জন্য বরাদ্দকৃত অর্থের মধ্যে ১২৫ কোটি টাকা অনুন্নয়ন ব্যয় আর ১৩৭ কোটি টাকা উন্নয়ন ব্যয় ধরা হয়েছে।